

গণপজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-যুক্তীম/যুক্ত/অনুঃ-২০/২০১৫-৪২


১১-০৭-১৪২৩বঃ  
তারিখঃ-----।  
২৬-১০-২০১৬খিঃ

বিষয়ঃ **যুবকল্যাণ তহবিল** থেকে নির্বাচিত যুব সংগঠনকে ০১ নভেম্বর **জাতীয় যুব দিবস-২০১৬** উপলক্ষে অনুদানের চেকসমূহ বিতরণের ব্যবস্থা গ্রহণ।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের **যুবকল্যাণ তহবিল** থেকে ২০১৫-২০১৬ অর্থবছরের জন্যে নির্বাচিত যুব সংগঠনকে ০১ নভেম্বর **জাতীয় যুব দিবস-২০১৬** উদযাপন উপলক্ষে জেলা/উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানের মাধ্যমে অনুদানের চেকসমূহ গত বছরের ন্যায় বিতরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তদনুযায়ী বিভাগভিত্তিক নির্বাচিত যুব সংগঠনের তালিকা অনুযায়ী বরাদ্দকৃত অর্থের ইস্যুকৃত চেকসমূহ ঢাকাস্থ যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে ২৮/১০/২০১৬ তারিখ শুক্রবার সকাল ১১-০০টায় সংগ্রহপূর্বক পরবর্তীতে বিভাগের অধীন সংশ্লিষ্ট জেলা কার্যালয়ে নির্ধারিত সময়ের মধ্যে বিতরণের জন্যে ইতোমধ্যে সংশ্লিষ্ট উপপরিচালকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এ পরিপ্রেক্ষিতে তাঁর জেলার নির্বাচিত যুব সংগঠনের তালিকা অনুযায়ী বরাদ্দকৃত অর্থের ইস্যুকৃত ক্রসড চেকসমূহ এবং চেক বিতরণ সংক্রান্ত মন্ত্রণালয়ের নির্দেশনা সংবলিত পত্র আগামী ৩০ অক্টোবর, ২০১৬খিঃ তারিখের মধ্যে **উপপরিচালকের কার্যালয়**, যুব উন্নয়ন অধিদপ্তর ( **বিভাগীয় সদর** ), ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ থেকে তাঁকে বা তাঁর মনোনীত উপযুক্ত কর্মকর্তা কর্তৃক সংগ্রহ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো যাচ্ছে।

০৩। বিভাগীয় পর্যায়ের জেলা অফিস থেকে অনুদানের চেকসমূহ সংগ্রহ করা সুবিধাজনক মনে না হলে সেক্ষেত্রে ২৮/১০/২০১৬ তারিখ শুক্রবার একই সময়ে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় থেকে গ্রহণ করা যাবে।

  
( **কামরুল হাসান** )  
সিনিয়র সহকারী সচিব(যুব-১)  
ফোনঃ ৯৫৭৫৫০৯

উপপরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
জেলা কার্যালয় (সকল)।

অনুলিপি :

জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল, বা/এ, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব(যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল, বা/এ, ঢাকা।
- ৪। উপসচিব(যুব) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। কম্পিউটার প্রোগ্রামার, আইটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। সহকারী প্রোগ্রামার, আইটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অফিস কপি।